চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩০ মে ২০১৮ খ্রি.

পাহাড়ের ক্ষয়রোধে ভেটিভার গ্রাস ডেভেলপমেন্ট সেন্টার “বিন্নাঘাস” প্রকল্প উদ্বোধন করেন থাইল্যান্ডের রাজকন্যা মহাচক্রী সিরিনধরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার থাইল্যান্ডের রাজতন্ত্র ও থাইল্যান্ড সরকারের রাজ পরিবারের সাইপাতানা ফাউন্ডেশনের সহযোগিতায় চট্টগ্রাম নগরীর পাহাড় সমূহের ক্ষয়রোধ কল্পে বিন্না ঘাস প্রকল্প বাস্তাবায়ন করার লক্ষে চট্টগ্রাম নগরীর টাইগারপাস, বাটালীহিল মিঠাপাহাড়ের পাদদেশে ৩০ মে ২০১৮ খ্রি. সকালে ভেটিভার গ্রাস ডেভেলপমেন্ট সেন্টার “বিন্না ঘাস” প্রকল্প উদ্বোধন করা হয়। থাইল্যান্ডের রাজকন্যা মহাচক্রী সিরিনধরণ বিন্না ঘাস রোপন ও বিন্নাঘাস প্রদর্শনী অবলোকন করে এ প্রকল্পের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন স্বাগত বক্তব্য রাখেন। এতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বণ ও পরিবেশ মন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ চৌধুরী এমপি,সাইপাতানা ফাউন্ডেশনের ডেপুটি সেক্রেটারী Mr. Lalit Thanomsing, বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত Miss Panpimon Suwannapongse বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ভেটিভার রিসোর্স একটিভিটি এবং ভেটিভার সেন্টার বাংলাদেশের প্রফেসর ড. মোহাম্মদ শরিফুল ইসলাম বিন্না ঘাস প্রকল্পের নানা দিক তুলে ধরেন। অনুষ্ঠানে রাজকন্যা উপস্থিত হলে সিটি মেয়র তাঁকে ফুলের শুভেচ্ছায় বরণ করে নেন এবং বাংলাদেশের জামদানী শাড়ী এবং হাতির প্রতিকৃতি উপহার দেন। রাজকন্যা মেয়র, মন্ত্রী ও সংশ্লিষ্টদের হাতে বিন্না ঘাস তুলে দেন। এতে স্বাগত বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন থাইল্যান্ডের রাজকন্যাকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ দুর্যোগ প্রবন একটি দেশ। জলবায়ুর প্রভাবের কারণে এদেশে ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, অতিবৃষ্টি ও ভূমিধসসহ নানা দুর্যোগে প্রাণহানির পাশাপাশি বিপুল পরিমান সম্পদের ক্ষতি হয়। দেশের কৃতি সন্তান প্রফেসর ড. মোহাম্মদ শরিফুল ইসলাম এর পাহাড়ের ক্ষয়রোধ কল্পে উদ্ভাবিত বিন্নাঘাস বা জাদুর ঘাস থাইল্যান্ডে সাফল্য আনার পর বাংলাদেশের চট্টগ্রামে সাইপাতানা ফাউন্ডেশনের সহায়তায় ভেটিভার গ্রাস ডেভেলপমেন্ট সেন্টার আজ স্থাপিত হলো। এখান থেকে গবেষনার মধ্য দিয়ে নগরীর বিভিন্ন পাহাড়ে পরিবেশ ও বন বিভাগের সহযোগিতায় পাহাড়ের ক্ষয়রোধে বিন্নাঘাস প্রকল্প বাস্তবায়ন করা হবে। তিনি আশা করেন, এ প্রকল্পটি আরো সম্প্রসারিত করা হবে। ভূমিধস ঠেকাতে বিন্নাঘাস প্রকল্প সুফল বয়ে আনবে বলে আশাবাদ ব্যক্ত করেন মেয়র। মেয়র আরো বলেন, মুষলধারে বৃষ্টির কারণে গত বছরের ১১ জুন নগরে ১২৮ জন মানুষ মৃত্যুবরণ করেন। এ ধরণের প্রানহানি থেকে ভেটিভার গ্রাস প্রকল্প পাহাড়ের ধস রোধ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে পরিবেশ ও বনমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ চৌধুরী সরকারের ভিশন বাস্তবায়নের নানাদিক তুলে ধরে বলেন,

পরিবেশ ও বন মন্ত্রাণালয় বিন্নাঘাস প্রকল্পে ২ কোটি টাকা বরাদ্দ দিয়েছে। সরকার গ্রিণ রিসার্চের আওতায় ভেটিভার গ্রাস প্রকল্পটিকে পাহাড় ধস রোধে একটি রোল মডেল হিসেবে প্রতিষ্ঠিত করার ঐক্যান্তিক ইচ্ছা রয়েছে। মন্ত্রী থাইল্যান্ডের রাজ পরিবারের সাইপাতানা ফাউন্ডেশনের সহযোগিতাকে স্বাগত জানান। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত মিস পানপিমন সুয়ান্নাপংসে (Miss Panpimon Suwannapongse) ভেটিভার গ্রাস প্রকল্প ভেটিভার গ্রাস ডেভেলপমেন্ট সেন্টার গড়ে তোলার উদ্যোগ নেয়ায় মেয়রকে ধন্যবাদ জানান। তিনি এই সেন্টারের মাধ্যমে প্রফেসর ড. মোহাম্মদ শরিফুল ইসলামকে গবেষণার সুযোগ দেয়ায় ধন্যবাদ দেন। রাজকন্যা মহাচক্রী সিরিনধরণ আজ সকালে রিজেন্ট এয়ারযোগে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছলে সিটি মেয়র তাঁকে ফুল দিয়ে স্বাগত জানান। দুপুরে রাজকন্যা ও তাঁর সফর সঙ্গীরা পাঁচ তারকা হোটেল রেডিসন ব্লুতে মধ্যাহ্ন ভোজ সারেন। দুপুর দেড়টায় কোর্ট বিল্ডিং, রেলওয়ে হেডকোয়াটার ও আগ্রাবাদ জাদুঘর পরিদর্শন শেষে বিকেল ৫ টায় ঢাকার উদ্দেশ্যে চট্টগ্রাম ত্যাগ করেন। এসময় সরকারি, বেসরকারি প্রশাসন ও সংস্থার প্রধান,চসিক কাউন্সিলর,ঊর্ধ্বতন কর্মকর্তাসহ নানা শ্রেণি পেশার বিশিষ্ট ব্যক্তি ও থাইল্যান্ডের রাজকন্যার সফর সঙ্গীরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৩০ মে ২০১৮ খ্রি.

২৬ নং উত্তর হালিশহর ওয়ার্ড আওয়ামীলীগের সদস্য নবায়ন ও কর্মী সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন
দূর্দিন ও দুঃসময়ের কর্মী, নীতি ও আদর্শবান নেতার হাতে সংগঠনের দায়িত্ব থাকলে সংগঠন নিরাপদ থাকে

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেন, জননেত্রী শেখ হাসিনা বাংলার মানুষের ভাগ্য পরিবর্তনের একমাত্র কান্ডারী। তাঁর নেতৃত্বে বাংলাদেশ মর্যাদাশীল রাষ্ট্রে উপনীত হয়ে বিশ্বে রোল মডেল হিসেবে সুপ্রতিষ্ঠিত হয়েছে। এ ধারা অব্যাহত রাখতে আওয়ামীলীগের নেতাকর্মী সকলকে সাধারন মানুষের সুখে দুখে পাশে থাকতে হবে। তিনি মাদকসেবী,বিক্রেতা,সন্ত্রাস ও জঙ্গীবাদে লিপ্ত কাউকে আওয়ামীলীগে স্থান না দেওয়ার নির্দেশনা দেন। ৩০ মে ২০১৮ খ্রি. বুধবার, বিকেলে জননেতা এম এ আজিজ এর বাড়ী সংলগ্ন কার্টুন ফ্যাক্টরীর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ২৬ নং উত্তর হালিশহর ওয়ার্ড আওয়ামীলীগের সদস্য নবায়ন ও কর্মী সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। কর্মী সম্মেলনে প্রধান আলোচক চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন, দূর্দিন ও দুঃসময়ের কর্মী, নীতি ও আদর্শবান নেতার হাতে সংগঠনের দায়িত্ব থাকলে সংগঠন নিরাপদ থাকে। এ বিষয়গুলো বিবেচনায় সৎ চরিত্রবান ও সংগঠক সহ নানা শ্রেনী ও পেশার সুশীল সমাজকে আওয়ামীলীগের পতাকাতলে সমবেত করার লক্ষ্যে সদস্য নবায়ন ও সংগ্রহ কার্যক্রম জোরদার করার উপর গুরুত্বারোপ করেন মেয়র। তিনি বলেন, আওয়ামীলীগে যুদ্ধাপরাধী, মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী,

অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর জায়গা নেই। যারা জীবনে ত্যাগ স্বীকার করতে প্রস্তুত, দুঃখ যন্ত্রনাকে সহ্য করে মানুষের স্বার্থে সেবা করার মানসিকতা যাদের আছে তারাই আওয়ামীলীগের তৃণমূলের কর্মী। তাদের হাত ধরে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। আ জ ম নাছির উদ্দীন আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দলের বিজয়কে নিশ্চিত করতে মানুষের ঘরে সরকারের সুফল পৌছে দেয়ার আহবান জনান। কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সাবের আহমদ। সংগঠনের সাধারণ সম্পাদক ও সাবেক কাউন্সিলর লায়ন মোহাম্মদ হোসেনের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সভায় চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু, আইন বিষয়ক সম্পাদক এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, নির্বাহী সদস্য সাইফুদ্দিন খালেদ বাহার,ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক আবেদ মনছুর, নাজিমুল ইসলাম মজুমদার, সাংগঠনিক সম্পাদক সাদেকুল ইসলাম টিপু, আকতার উদ্দিন ও রেজাউল করিম কাওসারসহ অন্যরা। বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু বলেন, আওয়ামীলীগে সুবিধাভোগী,চাটুকার ও সুযোগ সন্ধানীদের কোন স্থান নেই। তিনি বলেন, নির্যাতন ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করার দৃপ্ত শপথ নিয়ে আওয়ামীলীগের কর্মীদের পথ চলা। এই সংগঠনের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। এই স্বাধীনতাকে চিরস্থায়ী করার জন্য নেতা কর্মীদের সুদৃঢ় ঐক্য প্রয়োজন। তিনি আরো বলেন, এক শ্রেনীর সুবিধাভোগী সময়ে সময়ে সরকারের আনুকূল্য লাভে নিজেদের আখের গোঁছানোর স্বার্থে চাটুকারিতা করে থাকে। সে সকল সুবিধাভোগীদের চিহ্নিত করে সমাজ থেকে বিতাড়িত করতে হবে। অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও ভারপ্রাপ্ত সভাপতি সংগঠনের নিবেদিত প্রাণ নেতাকর্মীদের হাতে সদস্য ফরম তুলে দেন।

চট্টগ্রাম- ৩০ মে ২০১৮ খ্রি.

চসিক এর ভ্রাম্যমান আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ৩০ মে ২০১৮ খ্রি. সকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিষ্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে ডবলমুরিং থানাধীন মোগলটুলী এলাকায় কমার্স কলেজ রোডে রাজস্ব সার্কেল-৫ এর আওতায় পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে ৯টি ট্রেড লাইসেন্স ইস্যু করে ২২ হাজার ৬ শত ৫৫ টাকা এবং হোল্ডিং নং-৫৮৫/এ এর বকেয়া ৪৬ হাজার ৮ শত ৮০ টাকা গৃহকর তাৎক্ষনিক আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৫ এর কর কর্মকর্তা জানে আলম জানু, উপ কর কর্মকর্তা মহিউদ্দিন আহমদসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন